JAN. 20 2001

# ঢাকা বিশ্ববিদ্যালয় সিন্ডিকেটের ৮ সদস্যের মেয়াদ শেষ

**সাহাবুল হক** ॥ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ পরিচালনা বোর্ড সিন্ডিকেটের ১৭ জন সদস্যের মধ্যে ৮ জনের মেয়াদ শেষ হইয়া গিয়াছে। সদস্যদের মেয়াদ ২ বৎসর। মেয়াদোত্তীর্ণ সিন্ডিকেট সদস্যদের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের দ্বারা নির্বাচিত ৬ জনের মেয়াদ গত নভেম্বরে শেষ হইয়াছে। প্রতি ২ বৎসর অন্তর সিন্ডিকেট নির্বাচন অনুষ্ঠিত হয়। আগামী ৩রা ফেব্রুয়ারী অনুষ্ঠিতব্য ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৪১তম সাধারণ সমাবর্তনের কারণে কর্তৃপক্ষ ব্যস্ত থাকায় এখন নির্বাচন সম্ভব নয় বলিয়া ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরী জানাইয়াছেন।

সিন্ডিকেটে মেয়াদোত্তীর্ণ ৬ শিক্ষক প্রতিনিধি হইলেনঃ কলা অনুষদের ডীন কাজী শহীদুল্লাহ, সূর্যসেন হলের প্রভোষ্ট অধ্যাপক ইউসুফ হায়দার, ইতিহাস বিভাগের অধ্যাপক আব্দুল মমিন চৌধুরী, মৃত্তিকা, পানি ও পরিবেশ বিভাগের ডঃ সহিদ আক্তার হুসাইন, শিক্ষা ও গবেষণা ইনস্টিটিউটের মিসেস কাজী আফরোজ জাহান আরা, হিসাব বিজ্ঞান বিভাগের মোঃ মহব্বত আলী। গত বৎসরের ২৯শে নভেম্বরে এই ৬ জনের ২ বৎসর পূর্ণ হইয়াছে।

সিন্ডিকেটে একাডেমিক কাউন্সিলের মনোনীত দুই সদস্য হইলেন উত্তরার উইমেন মেডিক্যাল কলেজের অধ্যক্ষ এবং ঢাকা মেডিক্যাল কলেজের অধ্যক্ষ।

সিন্ডিকেট নির্বাচনের ব্যাপারে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক এ কে আজাদ চৌধুরী বলেন, পরবর্তী নির্বাচন না হওয়া পর্যন্ত সদস্যরা সিন্ডিকেটের দায়িত্ব পালন করিবেন। বিশ্ববিদ্যালয় অধ্যাদেশে ইহা রহিয়াছে।